দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 SEP 1994
পৃষ্ঠা 7 কলাম 8

16

# বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘোষিত বন্ধ ও ছাত্রলীগ (ম-ই) আহূত ছাত্র ধর্মঘটের কারণে শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস নিষ্প্রভ ছিল।

গত ১ সেপ্টেম্বর ক্যাম্পাসে ছাত্রলীগ (ম-ই) ও ছাত্রলীগ (বা-কা)-এর মধ্যে এক ভয়াবহ বন্দুকযুদ্ধের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট

(প্রথম পাতার পর)

কর্তৃপক্ষ ৩ থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত ক্লাস বন্ধ ঘোষণা করেন। যুদ্ধের সময় পুলিশের কাঁদানে গ্যাসের সেলের আঘাতে একজন ছাত্রের মৃত্যুর প্রতিবাদে ছাত্রলীগ (ম-ই) শনিবার পূর্ণদিবস ছাত্র ধর্মঘট আহ্বান করেন।

ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ে কোন প্রকার পরীক্ষা ও ক্লাস অনুষ্ঠিত হয়নি। বিশ্ববিদ্যালয় কলাভবন, প্রশাসনিক ভবন, লাইব্রেরী বন্ধ ছিল। কিছু সংখ্যক ছাত্র শুধুমাত্র মধুর কেন্টিনে এসে আড্ডা দেয়। এদিকে কামরুল ইসলাম বুলবুলের হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্রীলীগ (মি-ল) ক্যাম্পাসে শোক মিছিল বের করে। কালোব্যাজ পরিহিত সংগঠনের কর্মীরা মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বুলবুল হত্যার প্রতিবাদে মধুর কেন্টিনের সামনে সমাবেশ করে। এর আগে ছাত্র ফ্রন্টের পক্ষ থেকে ক্যাম্পাসে মিছিল বের হয়, সমাবেশে ছাত্রফ্রন্টের নবনির্বাচিত সাধারণ সম্পাদক নূরুল ইসলাম বক্তব্য রাখেন।

এদিকে শুক্রবার জগন্নাথ হলে পুলিশী হামলার প্রতিবাদে জগন্নাথ হল ছাত্রলীগ (ম-ই) টিএসসিতে সাংবাদিক সম্মেলন করেছে। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিপ্লব সরকার। এ সময় উপস্থিত ছিলেন স্বপন বসু, মিহির কান্তি ঘোষাল প্রমুখ। বক্তারা হলে হামলার তীব্র নিন্দা জানান। সংঘর্ষের পর শনিবারও হলগুলোতে থমথমে ভাব বিরাজ করে। সাধারণ ছাত্রছাত্রীরা যে কোন সময় সংঘর্ষের আশঙ্কায় আতঙ্কে রয়েছে।